



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/9/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা দিয়েছেন যে, মধ্য-হাডসন ভ্যালি আজ থেকে পুনরায় খুলে দেওয়ার দ্বিতীয় ধাপে প্রবেশ করেছে

লং আইল্যান্ড আগামীকাল দ্বিতীয় ধাপে প্রবেশ করবে

এই অঞ্চলের COVID-19 এর বর্তমান পরীক্ষার ফলাফল ট্র্যাক করার জন্য দৈনিক ভিত্তিতে মেডিক ড্যাশবোর্ড উন্মুক্ত করা হয়েছে

শন পেন এবং কোর (CORE)-এর সাথে অংশীদারিত্বেস্টেট, বিশেষ করে COVID-19 দ্বারা প্রভাবিত জনগোষ্ঠীর মধ্যে 11টি টেস্টিং সাইট প্রতিষ্ঠা করেছে

নিউ ইয়র্ক স্টেটে এখন 800 টিরও বেশি COVID-19 টেস্টিং সাইট রয়েছে

স্টেট এখন নর্থ মেট্রোতে 500,000 কাপড়ের মাস্ক, 10,000 গ্যালন এবং 100,000 2-oz. বোতল হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ করেছে

আজ পর্যন্ত স্টেটব্যাপী চার মিলিয়ন বোতল পরিষ্কার NYS হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করা হয়েছে

নিউ ইয়র্ক স্টেটে আরও 683 জনের করোনাভাইরাস নিশ্চিত করা হয়েছে - যা স্টেটব্যাপী 40টি কাউন্টিতে নতুন আক্রান্ত রোগীসহ মোট আক্রান্তের সংখ্যাকে 379,482-এ নিয়ে এসেছে

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা দিয়েছেন যে, মধ্য-হাডসন ভ্যালি আজ থেকে পুনরায় খুলে দেওয়ার দ্বিতীয় ধাপে প্রবেশ করেছে। লং আইল্যান্ড আগামীকাল, 10 জুন থেকে পুনরায় খুলে দেওয়ার দ্বিতীয় ধাপে প্রবেশ করেছে। দ্বিতীয় ধাপে পুনরায় খুলে দেওয়ার জন্য নিউ ইয়র্ক ফরোয়ার্ড নির্দেশিকা [এখানে](#) পাওয়া যাবে।

গভর্নর কুওমো একটি দৈনিক টেস্টিং ফলাফল ড্যাশবোর্ডেরও উন্মোচন করেছেন যেটা নিউ ইয়র্কের বাসিন্দাদের এবং স্থানীয় সরকারের জন্য আগাম সতর্কীকরণ ড্যাশবোর্ড এর পরিপূরক হিসেবে কাজ

করবে। আর এর ফলে অঞ্চল এবং কাউন্টিতে প্রতিদিন COVID-19-এর পরীক্ষার ফলাফল কী আসছে তা সহজে ট্র্যাক করা যাবে যেহেতু স্টেটের সব অঞ্চল এখন খুলে যাচ্ছে।

গভর্নর আরও ঘোষণা দেন যে, শন পেন এবং কোর (CORE)-এর সাথে অংশীদারিত্বে স্টেট, বিশেষ করে COVID-19 দ্বারা প্রভাবিত জনগোষ্ঠীর মধ্যে 11টি টেস্টিং সাইট প্রতিষ্ঠা করেছে। [কোর](#) (কমিউনিটি সংগঠিত ট্রাণ প্রচেষ্টা) হলো একটি অলাভজনক সংস্থা যা জীবন বাঁচাতে এবং সঙ্কটে আক্রান্ত জনগোষ্ঠীকে শক্তিশালী করতে নিবেদিত। নিউ ইয়র্ক শহরের হটস্পট এলাকাগুলিতে, যেখানে ভাইরাসের প্রভাব সবচেয়ে বেশি পরেছে, সেখানে COVID-19-এর সংক্রমণের হার কমানোর উদ্দেশ্যে স্টেট জোর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। স্টেট জুড়ে এখন 800টিরও বেশি COVID-19-এর টেস্টিং সাইট রয়েছে। COVID-19 এর জন্য কোথায় এবং কিভাবে পরীক্ষা করানো যায় তার আরও তথ্য <https://coronavirus.health.ny.gov> এ পাওয়া যাবে।

গভর্নর আরও ঘোষণা করেন স্টেট এখন নর্থ মেট্রোতে 500,000 কাপড়ের মাস্ক, 10,000 গ্যালন এবং 100,000 2-oz. বোতল হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ করছে। গভর্নর নিউ ইয়র্কের বাসিন্দাদেরকেও স্মরণ করিয়ে দেন যে পাবলিক ট্রান্সপোর্টেশন সিস্টেমে চড়ার সময় মাস্ক ব্যবহার করা বাধ্যতামূলক এবং পরিবহনে ভ্রমণের সময় নিউ ইয়র্কের বাসিন্দাদেরকে সব নির্দেশিকা এবং প্রোটোকল অনুসরণ করা উচিত, যার মধ্যে আছে যতটা সম্ভব সামাজিক দূরত্ব বজায় রাখা, হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা এবং ডিক্যাল গাইডেন্স পর্যবেক্ষণ করা উচিত।

গভর্নর আরও ঘোষণা করেছেন যে স্টেট আজ পর্যন্ত সমগ্র স্টেট জুড়ে NYS ক্লিন হ্যান্ড স্যানিটাইজারের চার মিলিয়ন বোতল বিনামূল্যে বিতরণ করেছে।

"স্টেট জুড়ে সব অঞ্চলকে এখন পুনরায় খুলে দেওয়ার প্রক্রিয়া চলছে-এটা অনেক দিন ধরে চলে আসছিল কিন্তু নিউ ইয়র্কের বাসিন্দারা সুস্থভাবে ছিল, তারা স্মার্ট আচরণ করেছে, এবং আক্রান্তের সংখ্যা কমিয়ে আনতে তাদের যা করণীয় তারা তাই করেছে," **গভর্নর কুওমো বলেন।** "আমরা নিউ ইয়র্কে যা করেছি তা একটি আন্তর্জাতিক সাফল্যের গল্প, আমাদের সবচেয়ে খারাপ অবস্থা ছিল এবং আমরা এটিকে যথাসাধ্য নিয়ন্ত্রণে নিয়ে এসেছি এবং এখন আমরা আমাদের কাজকে একটি নতুন স্বাভাবিক পথে নিয়ে যেতে পারি।"

কোর-এর সহ-প্রতিষ্ঠাতা, শন পেন বলেন, "এই covid এর কালে গভর্নর কুওমো'র বর্তমান নেতৃত্বকে ভবিষ্যতের জন্য স্মরণে রাখা উচিত। কোর কৃষ্ণাঙ্গ সম্প্রদায়, কম আয়ের এবং ভাইরাসের দ্বারা প্রভাবিত নির্বিচারে সকলের জন্য COVID-19 টেস্ট প্রসারিত এবং সহজলভ্য করতে নিউ ইয়র্ক স্টেটের সঙ্গে অংশীদার হতে পেরে গর্বিত।"

পরিশেষে, গভর্নর আরও 683 জন নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 379,482-তে নিয়ে এসেছে। মোট 379,482 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগোলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট আক্রান্ত	নতুন আক্রান্ত
Albany	1,983	5
Allegany	51	0
Broome	627	3
Cattaraugus	95	0
Cayuga	102	1
Chautauqua	103	2
Chemung	138	1
Chenango	135	0
Clinton	97	0
Columbia	414	0
Cortland	42	0
Delaware	86	1
Dutchess	4,016	10
Erie	6,595	64
Essex	40	1
Franklin	23	0
Fulton	228	1
Genesee	210	2
Greene	248	1
Hamilton	5	0
Herkimer	125	1
Jefferson	79	1
Lewis	20	0
Livingston	121	0
Madison	331	4
Monroe	3,243	40
Montgomery	100	0
Nassau	40,980	33
Niagara	1,125	9
NYC	207,693	340
Oneida	1,185	15
Onondaga	2,427	19
Ontario	222	1
Orange	10,533	10
Orleans	257	1
Oswego	115	0
Otsego	75	0

Putnam	1,280	1
Rensselaer	505	2
Rockland	13,353	13
Saratoga	511	7
Schenectady	715	3
Schoharie	54	0
Schuyler	12	0
Seneca	61	0
St. Lawrence	209	0
Steuben	252	1
Suffolk	40,426	49
Sullivan	1,418	1
Tioga	134	0
Tompkins	171	0
Ulster	1,724	3
Warren	257	0
Washington	240	0
Wayne	126	1
Westchester	34,035	35
Wyoming	91	1
Yates	39	0

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)